

📖 সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৪২৯৮ [আন্তর্জাতিক নম্বরঃ ৪৬৫৪]

৫২/ তাফসীর (كتاب تفسير)

পরিচ্ছেদঃ ২৩৯১. আল্লাহ তা'আলার বাণীঃ তোমরা মুশরিকদের সাথে যেসব চুক্তি করেছিলে আল্লাহ ও তার রাসুলের তরফ থেকে সেসব বিচ্ছেদ করা হল (৯ঃ ১) ইবন আব্বাস (রাঃ) বলেন, أَذْنُ কারো কথা শুনে তা সত্য বলে ধারণা করা। تَطَهَّرُهُمْ এবং تُزَكِّيهِمْ এর একই অর্থ, এ ব্যবহার পদ্ধতি অধিক। সে পবিত্র করে। زَكَاةٌ ইবাদাত ও নিষ্ঠা لَا يُؤْتُونَ الزَّكَاةَ (তারা যাকাত প্রদান করে না) (এবং) তারা এ সাক্ষ্যও প্রদান করে না যে, আর কোন উপাস্য নেই এক আল্লাহ ব্যতীত। يَضَاهُونَ তারা তুলনা দিচ্ছে।

باب قوله براءة من الله ورسوله إلى الذين عاهدتم من المشركين أذان إعلام وقال ابن عباس أذن يصدق تطهرهم وتزكيهم بها ونحوها كثير والزكاة الطاعة والإخلاص لا يؤتون الزكاة لا يشهدون أن لا إله إلا الله يضاهاون يشبهون

আরবী

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ أَبِي إِسْحَاقَ، قَالَ سَمِعْتُ الْبَرَاءَ - رَضِيَ اللَّهُ عَنْهُ - يَقُولُ آخِرُ آيَةٍ نَزَلَتْ (يَسْتَفْتُونَكَ قُلِ اللَّهُ يُفْتِيكُمْ فِي الْكَلَالَةِ) وَآخِرُ سُورَةٍ نَزَلَتْ بَرَاءَةٌ.

বাংলা

সূরা বারাত

وَلِيَجْءَ এমন বস্তু যাকে তুমি আরেকটা বস্তুর মধ্যে ঢুকিয়ে দিলে। الشُّفَّةُ সফর, ভ্রমণ, الْخَبَالُ বিশৃঙ্খলা, বিপর্যয়, مَدْخَلًا مُدْخَلًا বাধ্যবাধকতা, উভয়টা একই অর্থবোধক, لَا تَفْتِنِي আমাকে হুমকি দিও না। كُرْهَا উভয়টা একই অর্থবোধক, يَجْمَعُونَ তারা ত্বরান্বিত করবে। الْمُؤْتَفِكَاتِ যাদের নিয়ে ভূমি উল্টে গেছে। أَمْوَالُكُمْ তাতে গর্তে নিক্ষেপ করল। عَدْنٍ স্থায়িত্ব অবস্থান, যেমন, عَدْنْتُ بِأَرْضٍ আমি অবস্থান করলাম, الْخَوَالِفُ-الْخَالِفُ শব্দ আসছে এবং বলা হয় فِي مَعْدِنٍ صِدْقٍ অর্থাৎ সত্যের উৎপত্তিস্থল। الْخَوَالِفُ শব্দের বহুবচন অর্থ, যে আমার পিছনে থাকল। এবং আমার পরে বসে থাকল এবং এর অর্থ থেকে فِي خَلْفِهِ অর্থ, অবশিষ্টদের মধ্যে পিছনে রাখা হয় এবং الْخَالِفَةُ শব্দের বহুবচন হিসাবে الْخَوَالِفُ স্ত্রীলিঙ্গে ব্যবহার করা বৈধ আছে যদিও তা পুরুষ শব্দের বহুবচন, তা হলে তার এভাবে বহুবচন আরবী ভাষায় দু'টি শব্দ ব্যতীত পাওয়া যায় না, যথা فَارِسُ এর বহুবচন فَوَارِسُ এবং هَالِكُ এর বহুবচন الْخَيْرَاتُ শব্দের এক বচন خَيْرَةٌ অর্থ, কল্যাণ ও মর্যাদাসম্পন্ন বস্তু। مُرْجُوْنَ বিলম্বিত ব্যক্তিবর্গ। الشُّفَا কিনারা বা পার্শ্ব। الْجُرْفُ যা উঁচু স্থান বা

উপত্যকা থেকে প্রবাহিত হয়। هَائِرٍ-هَارٍ পতিত হওয়া। যেমন বলা হয়, কুয়া ভেঙ্গে পড়েছে যখন তা ধ্বংস হয়ে যায়, আর এরূপভাবে انْهَدَمَتْ শব্দের অর্থ হয়ে থাকে। ১৩ অধিক কোমল হৃদয়, ভয়-ভীতির কারণে। কবি বলেন, "যখন আমি রাতের বেলায় উল্লীর পিঠে আরোহণ করলাম, তখন সেটি দুশ্চিন্তাগ্রস্ত ব্যক্তির মত দীর্ঘশ্বাস ফেলে আহ! করতে থাকে।"

৪২৯৮। আবুল ওয়ালীদ (রহঃ) ... বারা ইবনু 'আযিব (রাঃ) বলেছেনঃ সর্বশেষে যে আয়াত অবতীর্ণ হয়, তা হল الْكَالَالَةُ لَوْكَلَا لَوْكَلَا لَوْكَلَا لَوْكَلَا لَوْكَلَا লোকে আপনার নিকট ব্যবস্থা জানতে চায়; বলুন! পিতা-মাতাহীন নিঃসন্তান ব্যক্তি সম্বন্ধে আল্লাহ তোমাদের ব্যবস্থা জানাচ্ছেন। (৪: ১৭৬) এবং সর্বশেষে যে সূরাটি অবতীর্ণ হয়, তা হল সূরায়ে বারাত।

English

Narrated Al-Bara:

The last Verse that was revealed was: 'They ask you for a legal verdict: Say: Allah directs (thus) about Al-Kalalah (those who leave no descendants or ascendants as heirs).' And the last Sura which was revealed was Baraatun (9) .

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=4576>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন